



BANGLADESH ASSOCIATION OF NASHVILLE, TENNESSEE

2400 Edencrest Dr. Antioch TN 37013 Tel. 615-717-0367

সম্পাদকীয়

অজানা খনির নূতন মনির গেঁথেছি হার
 ক্লান্তবিহীনা নবীনা বীনায় বেঁধেছি তার
 যেমন নূতন বনের দুকূল, যেমন নূতন আমের মুকূল
 মেঘের অরুনে খোলে স্বর্গের নূতন দ্বার।।

হ্যাঁ, ‘বর্তিকা’ প্রকাশনার সাথে সাথে ন্যাশভিলবাসীদের সম্মুখে সত্যিই সংস্কৃতির এক নতুন দ্বার উন্মোচিত হলো। পৃথিবীর যে প্রান্তেই বাংলাদেশীরা গিয়েছে, সেখানেই সে প্রবলভাবে স্ফূরণ ঘটিয়েছে তার সংস্কৃতিমনা সাহিত্যলগ্ন মননের। ‘বর্তিকা’ তাই আমাদের ঐতিহ্য ও সংস্কৃতির প্রতি এক দৃঢ় অঙ্গীকার। পরিসরের সীমাবদ্ধতার কারণে এ আয়োজন সর্ববিস্তারী না হলেও সাধ্যমতো প্রচেষ্টা ছিলো বাংলাদেশের বর্তমান সাহিত্যের একটি প্রতিনিধিত্বমূলক পরিচয় তুলে ধরার। বলা যায়, এ পত্রিকা বিশ্বায়ন ও আমাদের নিবিড়তর আত্মপরিচয়ের এক নব-প্রজ্জলিত প্রদীপ শিখা। আর আমাদের নূতন প্রজন্মই হবে এর ধারক ও বাহক।

যাদের সৃষ্টিশীল লেখা ‘বর্তিকা’কে করেছে সম্ভব – তাদের সকলের জন্য রইলো আমার আন্তরিক অভিনন্দন আর প্রাণ ঢালা শুভেচ্ছা। আর ‘বর্তিকা’র নামকরন সহ সম্পাদনায় আমাকে অফুরন্ত সাহস ও সহযোগিতার জন্য আমি আমাদের সকলের প্রিয় ডঃ মঈন সরকার ভাইকে জানাই অশেষ ধন্যবাদ।

আর একটি কথা, প্রকাশিত লেখাগুলোর বক্তব্য কিন্তু লেখক এবং লেখিকার একান্তই নিজস্ব।

পরিশেষে, ‘বর্তিকা’র উপস্থাপনা ও সম্পাদনার দায়িত্ব পালন করতে পেরে আমি নিজেকে গৌরবান্বিত মনে করছি।

সকলকে ঈদের শুভেচ্ছা এবং ধন্যবাদ।

জসীম উদ্দীন
 সাধারণ সম্পাদক

বাংলাদেশ এসোসিয়েশন অব ন্যাশভিল